অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/25/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, পোর্ট অথোরিটি এবং MTA, LAGUARDIA AIRPORT পর্যন্ত আরো দ্রুত, আরো ঘন ঘন, আরো নির্ভরযোগ্য Q70 বাস সার্ভিসের জন্য 160 মিলিয়ন মার্কিন ডলারের পরিকল্পনা প্রকাশ করলেন

পোর্ট অথোরিটির কমিশনারদের বোর্ড এই সপ্তাহে তহবিলের অনুমোদন দিতে যাচ্ছে যা ট্রানজিটের ব্যাপারে অভিজ্ঞদের স্বাধীন প্যানেলের সুপারিশ করা প্রজেক্টকে অগ্রসর করবে

প্রজেক্টটি হাইওয়ের ট্র্যাফিক জ্যাম বাইপাস করার জন্য নতুন শুধু বাস চলার লেন; বেশি ভিড় কম করতে আরো ঘন ঘন বাস; এবং ভ্রমণের সময় কম করতে Q70 বাসকে অগ্রাধিকার দিবে এমন ট্র্যাফিক সিগন্যাল দিবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), পোর্ট অথোরিটি অফ নিউ ইয়র্ক অ্যান্ড নিউ জার্সি (Port Authority of New York and New Jersey, PANYNJ), এবং মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) আজকে এয়ারপোর্টকে জ্যাকসন হাইটসের (Jackson Heights) সাবওয়ে এবং উডসাইডে (Woodside) Long Island Rail Road (LIRR)-এর সাথে সংযুক্ত করা Q70 LaGuardia Link বাস লাইনে আরো দ্রুত, আরো ঘন ঘন এবং আরো নির্ভরযোগ্য সেবা তৈরি করার জন্য একটি 160 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা প্রকাশ করেছেন।

"LaGuardia Airport-কে এমন বিশ্বমানের গন্তব্যে রূপান্তরিত করা যা এর অসাধারণত্বের জন্য পরিচিত হবে তা নিউ ইয়র্কের (New York) নতুন যুগের জন্য আমাদের সাহসী ভিশনের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ, এবং এয়ারপোর্ট থেকে যাওয়া আসা করার পরিবহনের অতি প্রয়োজনীয় উন্নয়ন দিয়ে তা শুরু হবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নতুন এই তহবিলটি একাধিক পরিবহন প্রজেক্টকে অগ্রসর করবে, নতুন বাস লেন দিবে, জ্যাম এবং ভিড় কম করবে, এবং এয়ারপোর্টে যাওয়ার বাসকে অগ্রাধিকার দিবে এমন নতুন ট্র্যাফিক লাইট বসাবে। এই অর্জনগুলি উদযাপন করতে পেরে আমি গর্বিত এবং একটি বিশ্বমানের ট্রানজিট অপশন তৈরি করতে আগ্রহী।"

পোর্ট অথোরিটির কমিশনারদের বোর্ড (Port Authority Board of Commissioners) 27 মার্চ তাদের বৈঠকে তহবিলের প্রস্তাবনার বিষয়ে ভোট দিবেন। Q70-এর উন্নয়ন কাজকে অগ্রসর

করার জন্য PANYNJ এবং MTA, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York City Department of Transportation) এবং নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (New York State Department of Transportation) মধ্যকার বহু মাসের সহযোগিতামূলক কাজের পর আজকের ঘোষণাটি এসেছে, যার মধ্যে থাকবে

- ভ্রমণের সময় সর্বনিম্ন করতে Roosevelt Ave এবং Broadway-তে Q70 বাসকে অগ্রাধিকার দিবে এমন ট্র্যাফিক সিগন্যাল
- Northern Blvd এবং Astoria Blvd-এর মাঝখানে উত্তরমুখী Brooklyn-Queens Expressway-এর শোল্ডারে একটি এক্সক্লুসিভ বাস লেন থাকবে, যাতে জ্যাকসন হাইটস এবং LaGuardia Airport-এর মধ্যে সেবার নির্ভরযোগ্যতা বাড়ানো যায়
- বেড়ে যাওয়া যাত্রী সংখ্যা ধারণ করার জন্য 1 জুন থেকে ব্যস্ত সময়ে (সকাল 10টা থেকে বিকাল 4টা) বেশি ঘন ঘন বাস দেওয়া হবে
- টার্মিনাল C-এর কাছে একটি নতুন, বিশেষভাবে নির্ধারিত বাসের পিক-আপ এবং ড্রপ-অফ এরিয়া, যেখানে এয়ারপোর্টের রাস্তার জ্যাম এড়ানোর জন্য সরাসরি, এক্সক্লুসিভ রাস্তার অ্যাক্সেস থাকবে
- কাস্টোমারের অভিজ্ঞতা উন্নত করতে জ্যাকসন হাইটস-Roosevelt Av / 74 St (7, E, F, M, R) এবং 61 St-Woodside Stations (7, LIRR)-এ রাস্তা খোঁজা এবং আলোর ব্যবস্থায় উন্নতি করা হবে
- উন্নত সেবার প্রচার করার জন্য উন্নত ব্র্যান্ডিং ও সাইন

গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) অনুরোধে 2021 সালের শেষের দিকে LaGuardia Airport-এর ট্রানজিট অপশনের জন্য একটি ব্যাপক বিস্তৃত বিশ্লেষণ শুরু হয় এবং বাইরের সুপরিচিত প্রকৌশল, নির্মাণ, এবং পরিবহন ফার্মের একটি মাল্টিডিসিপ্লিনারি দল এটি করেছে। স্টাডির তত্ত্বাবধান করার জন্য এবং বিশ্লেষণের উপর ভিত্তি করে সুপারিশ করার জন্য গভর্নরের অনুরোধে তিন সদস্যের স্বাধীন, বিশ্বমানের পরিবহন নেতাদের নিয়ে একটি বাইরের অভিজ্ঞ প্যানেল তৈরি করা হয়েছিলো, এবং প্যানেলটি LaGuardia Airport পর্যন্ত বাস সেবার উল্লেখযোগ্য উন্নয়ন সুপারিশ করেছেন।

Transport for London-এর সাবেক কমিশনার এবং Heathrow Airport-এর সাবেক ম্যানেজিং ডিরেক্টর Mike Brown (মাইক ব্রাউন); Bloomberg Associates-এর প্রিন্সিপ্যাল এবং নিউ ইয়র্ক সিটির ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের সাবেক কমিশনার Janette Sadik-Khan (জ্যানেট সাদিক-খান); এবং Denver International Airport-এর CEO এবং Los Angeles Metro-এর সাবেক CEO, Phillip A. Washington-কে (ফিলিপ এ ওয়াশিংটন) নিয়ে প্যানেলটি গঠিত হয়। প্রকৌশল/নির্মাণ ফার্ম এবং অভিজ্ঞদের প্যানেলের সাথে MTA স্টাডির পুরো সময়ে কাছ থেকে কাজ করেছে এবং প্যানেলের সকল বৈঠকে উপস্থিত থেকেছে।

পোর্ট অথোরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর Rick Cotton (রিক কটন) বলেন, "এই প্রস্তাবনাটি আরো দ্রুত, আরো নির্ভরযোগ্য গণপরিবহন লিঙ্ক তৈরির তহবিল দিবে যার চিন্তা অভিজ্ঞদের প্যানেল করেছেন এবং যা আমাদের বিশ্বমানের LaGuardia Airport-এ ভ্রমণ করা যাত্রীদের প্রাপ্য। রুটের এক্সপ্রেসওয়ে অংশগুলিতে শুধু বাসের জন্য লেন যোগ করার ফলে

এমন একটি বাস লিংক তৈরি হবে তা এয়ারপোর্ট পর্যন্ত একটি দ্রুত যাত্রা সম্ভব করবে কারণ বাস জ্যাম এড়াতে পারবে।"

পোর্ট অথোরিটির চেয়ারম্যান Kevin O'Toole (কেভিন ও'টুল) বলেন, "পুরো অঞ্চলে নতুন এয়ারপোর্ট ফ্যাসিলিটির জন্য পোর্ট অথোরিটি ঐতিহাসিক বিনিয়োগ করছে যা বিশ্বের সেরাগুলির একটি হবে। কিন্তু সেরা এয়ারপোর্টের জন্য চাই একইরকম আধুনিক ও দক্ষ গণপরিবহন সংযোগ, সেজন্য পোর্ট অথোরিটি LaGuardia Airport পর্যন্ত ব্যাপকভাবে উন্নত বাস সংযোগে বিনিয়োগ করছে।"

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "নিউ ইয়র্কের বিশ্বমানের ভ্রমণ অভিজ্ঞতা নতুন LaGuardia Airport পর্যন্ত সীমিত রাখার কোনো কারণ নেই। এইসব কমনসেন্স, রাস্তায় পরীক্ষিত বাসের উন্নয়ন কুইন্স থেকে যাওয়া আসা করা হাজার হাজার যাত্রীর জন্য যাত্রাকে আরো অনেক মসৃণ ও দ্রুত করে দিবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন